ঝিনাইদহ এপেক্স ক্লাব অব নবগঙ্গার উদ্যোগে ডেঙ্গু বিষয়ক জন সচেতনতা

ঝিনাইদহ এপেক্স ক্লাব অব নবগঙ্গার উদ্যোগে ডেঙ্গু বিষয়ক জন সচেতনতা মূলক কর্মকান্ডের অংশ হিসাবে লিফলেট বিতরণ ও পরিস্কার পরিচ্ছন্নতা কর্মকান্ড অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বিকালে শহরের নবগঙ্গা নদীর তীরে এ কর্মকান্ড অনুষ্ঠিত হয়। সেসময় পথচারীদের হাতে ডেঙ্গু বিষয়ক জন সচেতনতা মূলক লিফলেট বিতরণ, পরিস্কার পরিচ্ছন্নতা ও সদর হাসপাতালে ভর্তিকৃত ৫ জন ডেঙ্গু রুগীকে নগদ ৫ হাজার টাকা প্রদান করা হয়।

এপেক্স বাংলাদেশের ডিজি-০৬ শাহানাজ পারভীন সেতু’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন এপেক্সশিয়ান মাকসুদুর রহমান। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন এপেক্সশিয়ান আরিফুর রহমান রাজু, জেলা জাতীয় পার্টির সভাপতি রাশেদ মাজমাদার, ঝিনাইদহ ক্লাবের সদস্য জিহান লেমন।

পরে বিভিন্ন ক্লাব থেকে আগত ক্লাব প্রেসিডেন্ট ও সেক্রেটারীগণ এবং মেহেরপুর, যশোর ও ঝিনাইদহের নবগঙ্গা এপেক্সসিয়ানরাসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। এসময় এপেক্স বাংলাদেশের জেলা-৬ এর ২য় বোর্ড মিটিং সম্পন্ন হয়।

অনুষ্ঠান শেষে এন.আই. আর. ডি. এপেক্স আতিকুল ইসলাম স্মরণে দোয়া মাহফিলের আয়োজন করা হয়।